# প্রিটি সাইডস টুগেদার

সামান্থা সাবেরিন



# সূচীপত্র


**লেখক পরিচিতি** ৮

**লেখকের কথা** ৯

**ভূমিকা** ১১

**বইটি সার্থক ভাবে কাজে লাগানোর উপায়** ১৩

অধ্যায় ১

**প্রাথমিক জ্ঞাতব্য** ১৪

সেলাইয়ের জন্য কী কী প্রয়োজন? ১৪

ইঞ্চি টেপের সহজ হিসাব ১৬

গজ, গিরা, মিটার ১৮

কেমন করে মাপ নিবেন? ২০

কতটুকু কাপড় লাগবে? ২৫

অধ্যায় ২

**সেলাই মেশিনের ব্যবচ্ছেদ** ২৬

মেশিনের বিভিন্ন অংশের পরিচয় ২৬

মেশিনে সেলাই এর কিছু সমস্যা ও সমাধান ৩১

নতুনদের জন্য সোজা সেলাইয়ের উপায় ৩৩

## অধ্যায় ৩


**কিছু সহজ সেলাই প্রকল্প** ৩৪

ড্রস্ট্রিং ব্যাগ ও ড্রস্ট্রিং ব্যাকপ্যাক ৩৪

পেন্সিল পাউচ ৩৭

চুলের ব্যান্ড ৪১

বুক মার্ক ৪৪

বুক কভার ৪৭

কসমেটিক ব্যাগ ৪৯

ফেব্রিক মাস্ক ৫২


## অধ্যায় ৪


**গৃহস্থালির টুকিটাকি** ৫৪

কুশন কভার ৫৪

বালিশের কভার: (সাধারণ) ৫৬

কোলবালিশের কভার ৫৮

ওভেন মিট ৫৯

কাপড়ের বাস্কেট ৬০

টোট ব্যাগ ৬২

ক্রসবডি ব্যাগ ৬৩

টেবিল রানার ৬৬

## অধ্যায় ৫


**সহজ কিছু পোষাক** ৬৭

বাচ্চাদের প্যান্ট ৬৭

পালাজ্জো প্যান্ট ৬৯

বাচ্চাদের নিমা ৭০

বেবি ফ্রক ৭৫

খিমার ডিজাইন ১ ৭৮

খিমার ডিজাইন ২ ৮১

খিমার ডিজাইন ৩ ৮৩

পেটিকোট ৮৫

সালোয়ার ৮৭

কামিজ ৯০

প্রিন্সেস কাট কামিজ ৯৫

আনারকলি কামিজ ৯৭

ম্যাক্সি ৯৯

আমব্রেলা গাউন ১০১

ব্লাউজ (গোল গলা) ১০৩

পাঞ্জাবী ১০৬

**পরিশেষ** ১১২

# লেখক পরিচিতি:

## সামান্থা সাবেরিন

জন্ম : ৮০ এর দশকে ঢাকায়।

**শিক্ষা জীবন:** ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয় , অর্থনীতি (স্নাতক)।

**পেশা:** নিজেকে একজন স্ত্রী, মা, ও গৃহিণী বলতে স্বাচ্ছন্দ্য বোধ করেন। রৌদ্রময়ী স্কুলের সেলাই, ঘর কন্না গাইড, যতনে থাকুক এ বন্ধন, আপনি একজন মুসলিম মা কোর্সের ইন্সট্রাকটর/ সহ ইন্সট্রাকটর পদে আছেন।

# লেখকের কথা:

সেলাই শিক্ষা বলতে প্রথমেই মাথায় ঘুরে "অনেক কঠিন" বা "অনেক হিসাব" ইত্যাদি। কিন্তু সত্যিকার অর্থে সেলাই মোটেও কঠিন বা অসম্ভব কোনো বিদ্যা নয়। প্রাথমিক হিসাব কষতে জানলেই কাপড় কাটিং শেখা সম্ভব إن شاء الله। আমি যখন প্রথম সেলাই শিখি তখন আমারও মনে হয়েছিল যে সেলাই শিক্ষা বেশ কষ্টসাধ্য বিষয়। এর কারণ হলো আমাদের দেশে সেলাই শিক্ষা পদ্ধতিটাতে কিছুটা গলদ রয়েছে। গতানুগতিক সেলাই শিক্ষা পদ্ধতিতে প্রাথমিক বেশ কিছু পর্যায়ে সম্পূর্ণ অগ্রাহ্য করে সরাসরি পোশাক নির্মাণের দিকে সেলাই শিক্ষক বৃন্দ ও অনেক ক্ষেত্রে শিক্ষার্থীরা ঝুকে পড়েন। যার কারণে বেশিরভাগ সময়ে শিক্ষার্থীরা মাঝপথে বা শুরুতেই ঝরে পড়েন, আগ্রহ হারিয়ে ফেলেন।

আমি একজন সেলাই শিক্ষিকা হিসেবে নিজের অভিজ্ঞতা থেকে যতটুকু বুঝেছি সেলাই ব্যাপারটাকে বোধগম্য করে সহজ ও সাবলীল ভাষায় উপস্থাপন করা হলে এবং প্রথমেই সহজ কিছু প্রকল্প শিক্ষার্থীরা বাস্তবায়ন করতে পারলে তাদের সেলাইয়ের প্রতি আগ্রহ বজায় থাকে বরং দিন দিন সেলাই শিখার প্রতি আগ্রহ বৃদ্ধি পায়।

আমি ব্যক্তিগত জীবনে একজন গৃহিণী ও মা। সেলাই শিখেছি ২০১৩ সালে। কিছুটা শখের বসেই শেখা। পরবর্তীতে নিজের ও বাচ্চাদের কাপড় সেলাই করতে গিয়ে হাত পাকিয়েছি বলা যায়। পোশাক নির্মাণের ক্ষেত্রে নিজেকে আরও দক্ষ করতে পরিচিতদের জামা কাপড় সেলাই করেছি অনেক। ভুল হয়েছে, ঠিক হয়েছে; আনন্দিত হয়েছি, ব্যথিত হয়েছি। কিন্তু ভুলগুলো থেকে শিক্ষা নিয়ে এগিয়ে গিয়েছি।

২০২০ সাল থেকে রৌদ্রময়ী স্কুলের অনলাইন সেলাই শিক্ষা কোর্সের প্রশিক্ষক হিসেবে কর্মরত আছি। আমার অভিজ্ঞতা ও সামান্য কিছু গবেষণা থেকে যা বুঝেছি ভালো, বোধগম্য, সহজ ও সাবলীল ভাষায় উপস্থাপিত- বাংলা ভাষায় সেলাই

শিক্ষা বইয়ের যথেষ্ট অভাব রয়েছে। তাই বলা যায় আমার এই বই লেখার কাজে হাত দেওয়া রীতিমতো একটা দুঃসাহসিক কাজ। আমি চেষ্টা করেছি বইটাতে এমন ভাবে সবকিছু বিস্তারিত বোঝাতে যাতে যারা সেলাই কাজে নতুন বা শিক্ষানবিশ তারা যেন বইটির নির্দেশিকা অনুসরণ করে সেলাই প্রকল্প গুলো ঠিক ঠিক বাস্তবায়ন করতে পারেন ইনশাআল্লাহ্।

আল্লাহ্ আপনাদের সকলকে সেলাইয়ের মত উপকারী ও প্রয়োজনীয় বিদ্যাটিকে আয়ত্ত্ব করার তৌফিক দেন। আর আশা করছি ও দোয়া করছি আপনাদের এই সুন্দর যাত্রার সাথী হয়ে থাকবে আমার লেখা এই বইখানা ইনশাআল্লাহ্।

**সামান্থা সাবেরিন**

# ভূমিকা:

সেলাই এমন একটা বিদ্যা যা কোনদিনও পুরনো হবার নয়। সেলাই জানলে আপনি যে শুধু বাহারি জিনিসপত্র বানাতে পারবেন তা নয়, প্রিয়জনদের কিছু উপহার নিজে তৈরি করে দিতে পারবেন। যখন আপনি কোনো কিছু সেলাই করতে জানবেন তখন আপনি এটাও বুঝতে পারবেন যে মানসম্পন্ন পণ্য তৈরিতে কতটা পরিশ্রম প্রয়োজন। দোকান থেকে কেনা অনেক পণ্যের খুঁত নিজেই বের করতে পারবেন। সেই সাথে এটা বুঝে যাবেন যে কত টাকা নিম্নমান সম্পন্ন তৈরি পোশাকে আমরা ব্যয় করি। এর থেকে নিজেই যদি সেলাই জানেন তাহলে কম খরচে টেকসই পোশাক তৈরি করতে সক্ষম হবেন।

শুধু পোশাক কেন? আপনার গৃহস্থালির নানা জিনিস থেকে শুরু করে নিত্যপ্রয়োজনীয় বহু পণ্য সেলাই জানা থাকলে ঘরে বসে নিজেই তৈরি করে নিতে পারবেন।

আবার সেলাই হতে পারে আপনার একটি শখ। সারাদিন কাজের পর বা দিনের কোন একটা সময় অবসর সময় আমরা সবাই পাই। দিন দিন মোবাইল ফোনে অকর্মণ্য সময় কাটাচ্ছে সারা বিশ্ব। মানুষ মোবাইল ফোন আসক্তিতে ভুগছে। এমন একটা সময় টিভি বা ইন্টারনেটকে সময় কাটানোর মাধ্যম না বানিয়ে শখের একটা উৎপাদনশীল কাজে নিজেকে নিয়োজিত রাখলে নিশ্চয়ই কেউ আপত্তি করবে না। আর সেই শখের কাজটা যদি হয় সেলাই, তাহলে তো কথাই নেই।

নিজের অবসর সময় গুলোকে সৃজনশীল কাজে লাগাতে সেলাই শিখুন। আপনাদের এই প্রচেষ্টাকে সফল করতেই এই বইটির পরিকল্পনা ও প্রকাশ। প্রথমেই সেলাই সংক্রান্ত প্রাথমিক কিছু ধারণা দেয়ার পর সেলাই মেশিনের বিভিন্ন অংশের সচিত্র আলোচনা ও পরবর্তীতে সহজ থেকে সহজতর সেলাই প্রকল্প সচিত্র আলোচিত হয়েছে।

অবশ্য যে কেউ রাতারাতি দক্ষ দর্জি হয়ে যাবেন ব্যাপারটা সেরকম নয়।

সফলতার জন্য অবশ্যই শ্রম অধ্যাবসায়ের কোন বিকল্প নেই। বাংলা ভাষায় সহজ ও সাবলীলভাবে চিত্র ও ব্যাখ্যাসহ একটি বোধগম্য সেলাই শিক্ষা বই শিক্ষার্থীদের উপহার দেওয়ার চেষ্টা করেছি মাত্র। আশা করছি এই বইটা শিক্ষার্থীদের জন্য উপকারী প্রমাণিত হবে ইনশাআল্লাহ্।

# বইটি সার্থক ভাবে কাজে লাগানোর উপায়:

যেকোনো বই পড়া শুরুতে ভূমিকা, লেখকের কথা, প্রকাশকের কথা এই অংশগুলো পড়াটা খুব গুরুত্বপূর্ণ। ভূমিকা হতে পারে মূল বইটি পড়ার ক্ষেত্রে পাঠকদের জন্য মোটিভেশন স্বরূপ।

- এই বইটিকে সার্থকভাবে কাজে লাগানোর জন্য কিছু পরামর্শ দিতে চাচ্ছি।
- এই বইটিকে সার্থকভাবে কাজে লাগানোর জন্য অনুরোধ করছি বইটি ভালোভাবে মনোযোগ সহকারে পড়বেন।
- প্রতিটি সেলাই প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ছোটখাটো সেলাইয়ের কৌশল সচিত্র বিস্তারিত আলোচিত হয়েছে তাই যেকোনো প্রকল্প বাস্তবায়নের আগে ভালোমতো বর্ণনা ও ছবি বোঝার চেষ্টা করা এবং প্রকল্প বা প্রজেক্টগুলো বাস্তবায়নের জন্য চেষ্টা করা।
- নতুনদের অনুরোধ করছি অধ্যায় এক ও দুই ভালোভাবে পড়ার জন্য এবং অধ্যায় তিন কে নিজেদের সেলাই অনুশীলনের প্রাথমিক গাইড ধরার জন্য। সহজ কিন্তু সুন্দর কিছু সেলাই প্রজেক্ট অধ্যায় তিনে সংযোজিত রয়েছে প্রজেক্টগুলো যেমন সহজ তেমনি খুব অল্প সময় প্রয়োজন হবে। শিক্ষার্থীরা সাফল্যের সাথে প্রজেক্ট সম্পন্ন করার তৃপ্তি অনুভব করবেন ইনশাআল্লাহ্।
- আমি পরামর্শ দিব আগে অধ্যায় তিন সম্পন্ন করে তারপর বাকি অধ্যায় গুলো অনুশীলন করতে। যত বেশি অনুশীলন করবেন হাত তত বেশি খুলবে ইনশাআল্লাহ্।
- প্রজেক্ট গুলো তৈরি করতে নতুন কাপড়ই ব্যবহার করতে হবে ব্যাপারটা তা নয়। বাড়িতে থাকা পুরাতন কাপড়, বিছানার চাদর, পুরনো পর্দা ইত্যাদি ব্যবহার করলে আপনাদের প্রাথমিক সেলাই শিক্ষা প্রচেষ্টা ব্যয়বহুল হবে না। সেই সাথে পুরাতন কাপড় ফেলে না দিয়ে সেগুলোকে পুনরায় ব্যবহার উপযোগী কোন পণ্যে রূপান্তর করার পদ্ধতিও শেখা হয়ে যাবে।
- চারিদিকে এখন রিইউজ অ্যান্ড রিসাইকেলের কথা শোনা যায়। যেটা পরিবেশের জন্য খুব উপকারী। এই পরিবেশ রক্ষার বিপ্লবে আপনারাও সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারেন ইনশাআল্লাহ্।